দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 JUN 2015
পৃষ্ঠা ১ কলাম ২

# অশান্ত তিন বিশ্ববিদ্যালয়

## পরীক্ষা পেছানোর আন্দোলনের পরিপ্রেক্ষিতে বুয়েট অনির্দিষ্টকাল বন্ধ ঘোষণা

## ভিসির পদত্যাগ দাবিতে শাবি শিক্ষকদের একাংশ আন্দোলনে

## সাবেক ছাত্রলীগ নেতাদের চাকরির দাবিতে বেকায়দায় ইবি প্রশাসন

■ ইত্তেফাক রিপোর্ট

ভিন্ন ভিন্ন ইস্যুতে দাবি নিয়ে আন্দোলনের পরিপ্রেক্ষিতে অশান্ত হয়ে উঠেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)সহ তিন পাবলিক বিশ্ববিদ্যালয়। পরীক্ষা পেছানোর দাবিতে ছাত্র অন্দোলনের পরিপ্রেক্ষিতে গতকাল বৃহস্পতিবার অনির্দিষ্টকালের জন্য বুয়েট বন্ধ ঘোষণা করে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেন কর্তৃপক্ষ। উপাচার্যের পদত্যাগ দাবিতে শিক্ষকদের একাংশের আন্দোলন চলছে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে। আর কর্মকর্তা-কর্মচারী পদে চাকরির জন্য ছাত্রলীগের সাবেক নেতাদের দাবির মুখে বেকায়দায় পড়েছে কুষ্টিয়ায় অবস্থিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ।

বুয়েট বন্ধ ঘোষণার পর গতকাল দুপুর ২টার দিকে বিভিন্ন আবাসিক হলের নোটিস বোর্ডে সেঁটে দেয়া বিজ্ঞপ্তিতে বিকাল পাঁচটার মধ্যে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়।

বুয়েটের রেজিস্ট্রার অধ্যাপক এ কে এম মাসুদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, 'চলতি টার্মের পূর্ব ঘোষিত টার্ম ফাইনাল পরীক্ষা পেছানোর দাবিতে গত ২৩ জুন একদল ছাত্র-ছাত্রীর ভিসি, রেজিস্ট্রার ও ছাত্রকল্যাণ পরিচালককে ডিসি কার্যালয়ে জিম্মি করা, ২৪ জুন শিক্ষকদের আবাসিক এলাকা অবরুদ্ধ করা এবং রাতে একাডেমিক ভবন ভাংচুর ও অগ্নিসংযোগ করার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটছে এবং শিক্ষার পরিবেশ ভীষণভাবে বিঘ্নিত হচ্ছে। এ অবস্থায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা বজায় রাখা, ছাত্র-ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের জানমালের নিরাপত্তা বিধানের স্বার্থে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষা কার্যক্রম আজ (বৃহস্পতিবার) বিকাল থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হলো।'

বুয়েটের ছাত্র কল্যাণ উপদেষ্টা অধ্যাপক ড. মো. দেলোয়ার হোসেন বলেন, শিক্ষার্থীদের সুবিধামত 'টার্ম ফাইনাল' পরীক্ষা নেয়া হলেও গত কয়েকদিন যাবৎ কিছুসংখ্যক শিক্ষার্থী এর বিরোধিতা করে আসছিল। সর্বশেষ গত বুধবার তারা ভিসিকে জিম্মি করে রেখেছিল এবং দফায় দফায় শিক্ষকদের আবাসিক এলাকা অবরুদ্ধ করে রাখে। তাই অপ্রীতিকর ঘটনা এড়াতে অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাস বন্ধ ঘোষণা করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আসলে যারা এ ঘটনার সাথে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।

এদিকে হঠাৎ করেই হল ত্যাগ করার নির্দেশে বিপাকে পড়েছেন অনেক শিক্ষার্থী। গতকাল সন্ধ্যা পর্যন্ত অধিকাংশ শিক্ষার্থী হলে অবস্থান করছিলেন। ঢাকায় যাদের আত্মীয়-স্বজনদের বাসা রয়েছে, তারাই শুধু হল ছেড়েছেন। শিক্ষার্থীরা জানিয়েছেন, আজ শুক্রবার সকালের মধ্যে তারা হল ছাড়বেন।

### ভিসির পদত্যাগ দাবিতে শাবিতে আন্দোলন

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি তামিম মজিদ জানান, উপাচার্য অধ্যাপক ড. মো: আমিনুল হক ভূঁইয়ার পদত্যাগ দাবিতে শাবি শিক্ষকদের একাংশের আন্দোলন অব্যাহত রয়েছে। গতকাল বৃহস্পতিবার ৪র্থ দিনের মত প্রশাসনিক

পৃষ্ঠা ১৯ কলাম ৬

## অশান্ত তিন বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন আন্দোলনরত শিক্ষকরা। তবে শিক্ষকদের একটা বড় অংশ ভিসির পক্ষে অবস্থান নেয়ায় আন্দোলনরত শিক্ষকদের অনেকেই তাদের অবস্থান থেকে সরে আসছেন। ফলে গতকাল অবস্থান কর্মসূচি গ্রহণ করলেও বিশ্ববিদ্যালয়ের হিসাব